সংবাদ

তারিখ 18 OCT 2017

প্রাথমিকে

# ৪৭০ নন-ক্যাডার প্রধান শিক্ষক নিয়োগ

নিজস্ব বার্তা পরিবেশক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে ৩৪তম বিসিএস পরীক্ষায় (পদ স্বল্পতার কারণে ক্যাডার পদ না পাওয়া) ৪৭০ জন নন-ক্যাডারকে নিয়োগ দিয়েছে সরকার। এই শিক্ষকদের নিয়োগ দিয়ে দেশের বিভিন্ন বিদ্যালয়ে পদায়ন করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

গতকাল এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে গণশিক্ষা মন্ত্রণালয়। তাদের ১৫ নভেম্বরের মধ্যে যোগদান করতে হবে।

এর আগে ৩৪তম বিসিএস থেকে দুই হাজার ৮৯৯ জন নন-ক্যাডারে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত নেয় সরকারি কর্মকমিশন (পিএসসি)। এরই আলোকেই ৮৯৮ জনকে নিয়োগ দেয়ার বিষয়টি চূড়ান্ত হয়। তাদের মধ্য থেকে ৪৭০ জনকে নিয়োগ দিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পদায়ন করা হয়।

বর্তমানে সারাদেশের ৬৩ হাজার ৬০১টি প্রধান : পৃষ্ঠা : ১৫ ক : ৬

## প্রধান : শিক্ষক

(১ম পৃষ্ঠার পর)

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে প্রায় ২০ হাজার প্রতিষ্ঠানে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। দ্রুত সময়ের মধ্যে শূন্যপদ পূরণ করার প্রক্রিয়া চলছে বলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন।